**প্রশাসন বিভাগ**

(১) কর্মচারীদের সংস্থাপন ও প্রশাসন বিষয়ক কার্যাদি;
(২) সাধারণ ভবিষ্য তহবিল, ঋণ মঞ্জুরি, আর্থিক সাহায্য প্রদান, যৌথবীমা ও কল্যাণমূলক (welfare) কার্যক্রম;
(৩) কর্তৃপক্ষের বিভিন্ন বিভাগের কর্মবন্টন ব্যবস্থাপনা, সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ, প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ ও পুনঃ অর্পণ সংক্রান্ত কার্যাদি;
(৪) রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, বিভিন্ন মন্ত্রণালয়, দুদক ইত্যাদিতে তথ্য প্রেরণ;
(৫) কর্তৃপক্ষের APA, NIS, GRS, Innovation, সংশ্লিষ্ট APP সংক্রান্ত কার্যাদি সম্পাদন;
(৬) মাসিক সমন্বয় সভা এবং পর্ষদ সভার সামগ্রিক ব্যবস্থাপনা;
(৭) বিভিন্ন কমিটি গঠন ও বিভিন্ন প্রতিষ্ঠানের চাহিদা অনুযায়ী কমিটিতে কর্তৃপক্ষের প্রতিনিধি মনোনয়ন;
(৮) বিভিন্ন দিবস উদযাপন ও রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ কর্মসূচি পালন-সংক্রান্ত কার্যাদি;
(৯) কর্তৃপক্ষের আওতাধীন বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও ধর্মীয় উপাসনালয় ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যাবলী;
(১০) রেগুলেটরি কার্যক্রম ব্যতীত কর্মচারীদের অভ্যন্তরীণ ভ্রমণ মঞ্জুরী সংক্রান্ত কার্যাদি;
(১১) সদর দপ্তরের যাবতীয় অফিস সরঞ্জাম ও স্টেশনারি এবং কর্মচারীদের জন্য পোশাক-পরিচ্ছদ ক্রয়-সংক্রান্ত কার্যাদি;
(১২) যাতায়াতে ব্যবহৃত যানবাহন ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, যানবাহন ব্যবস্থাপনা, দৈনন্দিন মেরামত ও জ্বালানি ব্যবস্থাপনা;
(১৩) বেবিচক-এর সদর দপ্তর ও আবাসিক এলাকাসমূহের নিরাপত্তা, হর্টিকালচার ও পরিচ্ছন্নতা-সংক্রান্ত কার্যাদি;
(১৪) কর্তৃপক্ষের সদর দপ্তরের কাজকর্ম সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে অফিস কক্ষ বরাদ্দ ও ব্যবস্থাপনা;
(১৫) কর্তৃপক্ষের জনবল নিয়োগ, পদায়ন, পদোন্নতি ও বদলি এবং চুক্তি ভিত্তিক ও আউটসোর্সিংয়ের মাধ্যমে জনবল নিয়োগ-সংক্রান্ত কার্যাদি;
(১৬) কর্মচারীদের বেতন-ভাতা, বিভিন্ন প্রকার ছুটি (বহিঃ বাংলাদেশ ছুটিসহ) অনুমোদন সংক্রান্ত কার্যাদি;
(১৭) পিআরএল, ল্যাম্প গ্রান্ট, গ্র্যাচুইটি ও পেনশন মঞ্জুরি-সংক্রান্ত প্রশাসনিক কার্যাদি;
(১৮) কর্মচারীদের ব্যক্তিগত নথি সংরক্ষণ ও সার্ভিস বহি ব্যবস্থাপনা;
(১৯) কর্মচারীদের ব্যক্তিগত তথ্য ও ই-ডাটাবেজ ব্যবস্থাপনা;
(২০) নন-অপারেশনাল প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা ও অভ্যন্তরীণ প্রশিক্ষণ সংক্রান্ত কার্যাদি;
(২১) রেগুলেটরি বিভাগ ব্যতীত বৈদেশিক প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা-সংক্রান্ত কার্যাদি;
(২২) কর্মচারীদের ক্যারিয়ার প্ল্যানিং প্রণয়ন ও বাস্তবায়ন-সংক্রান্ত কার্যাদি;
(২৩) কর্মচারীদের বার্ষিক গোপনীয় অনুবেদন ব্যবস্থাপনা ও সংরক্ষণ, পুরস্কার ও প্রণোদনা প্রদান এবং শৃঙ্খলামূলক কার্যাদি সম্পাদন;
(২৪) ভূমি ও সম্পত্তির সুষ্ঠু ব্যবহারের লক্ষ্যে পরিকল্পনা ও নীতিমালা প্রণয়ন এবং ভূমি ও সায়রাত মহাল ব্যবস্থাপনা;
(২৫) জমি অধিগ্রহণ, দখল হস্তান্তর ও বরাদ্দসহ বেদখলীয় জমি উদ্ধার এবং ভূমি উন্নয়ন কর ও স্থানীয় কর্তৃপক্ষের ট্যাক্স পরিশোধ-সংক্রান্ত কার্যাদি;
(২৬) কর্তৃপক্ষের বাসা বরাদ্দ-সংক্রান্ত নীতিমালা প্রণয়ন এবং বাসা বরাদ্দ ও গ্যাস সংযোগ ব্যবস্থাপনা;
(২৭) কর্তৃপক্ষের আবাসিক ভবনসমূহের মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজে সমন্বয় সাধন;
(২৮) দেশের বিমানবন্দরসমূহসহ (অভ্যন্তরীণ এলাকা ব্যতীত) কর্তৃপক্ষের সকল জায়গা/ জমি/জলাশয়/স্পেস/দোকান ইত্যাদির ইজারা মূল্য নির্ধারণ ও ব্যবস্থাপনা এবং প্রশাসন বিভাগ-সংশ্লিষ্ট নিলাম-সংক্রান্ত কার্যাদি;
(২৯) রেগুলেটরি কার্যক্রম ব্যতীত কর্তৃপক্ষের বিভিন্ন আইন, নীতিমালা, বিধি-প্রবিধি প্রণয়ন, বিভিন্ন চুক্তি, সমঝোতা স্মারক ও ভেটিং সংক্রান্ত কার্যাদি;
(৩০) কর্তৃপক্ষের পক্ষে মামলা দায়ের ও পরিচালনা, প্রযোজ্য ক্ষেত্রে আপীল দায়ের ও পরিচালনা, মামলার এসএফ ও জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট আদালতে উপস্থাপন এবং বিভিন্ন বিষয়ে আইনী মতামত/পদক্ষেপ-সংক্রান্ত কার্যাদি;
(৩১) কর্তৃপক্ষের পক্ষে নিয়োজিত প্যানেল আইনজীবীর সাথে সভা আয়োজনসহ বিল অনুমোদন-সংক্রান্ত কার্যাদি;
(৩২) কর্তৃপক্ষের অধীনস্থ বিভিন্ন দপ্তরের প্রশাসনিক কার্যক্রম পরিদর্শন ও পরিবীক্ষণ; এবং
(৩৩) কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক সময়ে সময়ে অর্পিত দায়িত্ব পালন।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

প্রধান প্রকৌশলী | সদস্য (এটিএম) | গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর সদস্য (এফএসএন্ডআর) | সদস্য (অর্থ) Md. Shahiduzzaman Faruki

**পরিচালনা ও পরিকল্পনা বিভাগ**

১. কর্তৃপক্ষের অর্গানোগ্রাম অনুযায়ী অধীনস্ত অধিশাখা সমূহের সকল কার্যালয়ের কার্যাবলী বন্টন এবং যথাযথ কার্যসম্পাদনের ব্যবস্থা করা এবং সার্ভিস তদারকি করা;

২. বেবিচকের বার্ষিক উন্নয়ন ও ক্রয় পরিকল্পনা প্রণয়ন এবং অনুমোদনের ব্যবস্থাকরণ। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ সরকারী অন্যান্য সংস্থার সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন;

৩. নতুন বিমানবন্দর স্থাপনের পরিকল্পনা প্রণয়ন এবং এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়সহ সরকারী অন্যান্য সংস্থার সাথে প্রয়োজনীয় সমন্বয় সাধন;

৪. সকল বিমানবন্দর এবং এরোড্রামসমূহের যাত্রীসেবা নিশ্চিতকরণ সহ সামগ্রিক ব্যবস্থাপনা;

৫. আঞ্চলিক/বিশ্বের সংগে সামঞ্জস্যপূর্ণ বিমানবন্দরের এরোড্রাম পরিষেবা নিশ্চিত করণের জন্য বাংলাদেশে বেসামরিক/সামরিক সংস্থা/ সংগঠনের সঙ্গে এবং অন্যান্য দেশের সংগে সমন্বয়/ সহযোগিতা নিশ্চিত করা;

৬. অগ্নি নিরাপত্তা পরিষেবা, ক্র্যাশ ফায়ার এবং রেসকিউ পরিষেবাদি সম্পর্কিত নীতিমালা প্রণয়ন, ব্যবস্থাপনা ও বাস্তবায়ন;

৭. সাধারণ ও বিশেষ যানবাহন, এএনএস, টেলিকম, নিরাপত্তা, মেটিওরলজি যন্ত্রাবলীসহ সকল প্রকার কারিগরী যন্ত্রাবলী ও যন্ত্রাংশের স্পেসিফিকেশন প্রস্তুত, ক্রয়, নিলাম, সংরক্ষণ, মেরামত ও সংস্থাপনের পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

৮. জাতীয় সংসদে বেবিচক বিষয়ক যাবতীয় কার্যাবলীর সমন্বয় সাধন;

৯. সকল প্রকার বিশেষ (Specialized) এবং অপারেশনাল যানবাহনের সার্বিক ব্যবস্থাপনা, তদারকি এবং ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

১০. বেবিচক এর জন্য যথাযথ আইটি (IT) নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন এবং এ সংক্রান্ত জনবল ও সরঞ্জামাদির আয়োজন নিশ্চিতকরণ;

১১. সকল বিমানবন্দরের প্রান্তিক ভবনসহ Aerodromme Facilitation সংশ্লিষ্ট অংশের সম্পত্তি ব্যবস্থাপনা ও এ সম্পর্কিত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

১২. নন-এরোনটিক্যাল চার্জ আরোপ এবং প্রয়োজন অনুযায়ী পরিমার্জন/পরিবর্তন নিশ্চিত করা।

১৩. কর্তৃপক্ষের জনশক্তি উন্নয়নের জন্য আন্তর্জাতিক মানদন্ড (ICAO Standard) অনুযায়ী সিভিল এভিয়েশন একাডেমীর প্রশিক্ষণ সংক্রান্ত সার্বিক কার্যক্রম গ্রহণ, তত্ত্বাবধান এবং সমন্বয়;

১৪. পরিচালনা ও পরিকল্পনা সংশ্লিষ্ট বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন;

১৫. বেবিচকের কর্মকর্তা/কর্মচারীদের কর্মদক্ষতা উন্নয়নের জন্য দেশে ও বিদেশে অপারেশনাল প্রশিক্ষণের পরিকল্পনা ও সার্বিক ব্যবস্থাপনা;

১৬. বিমানবন্দরসমূহের নিরাপদ পরিচালনার লক্ষ্যে Safety Management System (SMS) নিশ্চিত করা;

১৭. বিভিন্ন এরোড্রোমে আবহাওয়া সংক্রান্ত তথ্যাবলীর জন্য আবহাওয়া অধিদপ্তর-এর সাথে যোগাযোগ স্থাপন;

১৮. কর্তৃপক্ষের বিভিন্ন উন্নয়ন কার্যক্রম মনিটরিং নিশ্চিতকরণ;

১৯. উন্নয়ন প্রকল্পের আওতায় (জিওবি ও সিএএবি এর নিজস্ব অর্থায়নে) ক্রয়কৃত/অনুদান হিসেবে প্রাপ্ত প্রয়োজনীয় সংশ্লিষ্ট কারিগরী যন্ত্রাবলী ও যন্ত্রাংশ (স্পেসিফিকেশনসহ) প্রকল্প সমাপ্তির পর প্রকল্প পরিচালক এর নিকট হতে গ্রহণ এবং পরবর্তী ব্যবস্থাপনা নিশ্চিতকরণ;

২০. অর্পিত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী কর্তৃপক্ষের বিভিন্ন কমিটির সভা পরিচালনা; এবং

২১. কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক সময় সময় অর্পিত দায়িত্ব পালন।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (এটিএম)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর
সদস্য (এফএসআর)

সদস্য (পরিচালনা ও পরিকল্পনা)
সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

সদস্য (অর্থ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

Md. Shahiduzzaman Faruki
Additional Secretary
Member (Security)
Civil Aviation Authority of Bangladesh

## এয়ার ট্রাফিক ম্যানেজমেন্ট বিভাগ

১. কর্তৃপক্ষের অর্গানোগ্রাম অনুযায়ী অধীনস্ত অধিশাখা সমূহের সকল কার্যালয়ের কার্যাবলী বন্টন এবং যথাযথ কার্যসম্পাদনের ব্যবস্থা করা এবং সার্ভিস তদারকি করা;

২. ICAO-এর নির্দেশনা অনুসারে বাংলাদেশের আকাশ সীমায় সকল এয়ার ট্রাফিক ব্যবস্থাপনা এবং এরোনটিক্যাল তথ্য পরিষেবাসমূহ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় নীতিমালা ও পরিকল্পনা প্রণয়ন এবং সার্বিক সমন্বয়ের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করা;

৩. আঞ্চলিক/বিশ্বের সংগে সামঞ্জস্যপূর্ণ ANS/ATM/CNS পরিষেবা নিশ্চিত করণের জন্য বাংলাদেশের বেসামরিক/সামরিক সংস্থা/সংগঠনের সঙ্গে এবং অন্যান্য দেশের সঙ্গে সমন্বয়/সহযোগিতা নিশ্চিত করা;

৪. ICAO Annexes/Docs/Manuals/Circular এর বাস্তবায়ন নিশ্চিত করার উদ্দেশ্যে ATM/ANS/CNS এর জন্য অত্যাবশ্যকীয় দলিল-পত্রাদি/আদেশ/নির্দেশাবলীর প্রকাশ/প্রচার/পুনঃপরীক্ষা/পরিবর্তন নিশ্চিত করা;

৫. ATM/ANS/CNS এর অপারেশনাল মান নিশ্চিত করার উদ্দেশ্যে এ বিভাগের জনবলের দেশে এবং বিদেশে প্রশিক্ষণের পরিকল্পনা প্রণয়ন ও সমন্বয় সাধন;

৬. সার্চ এন্ড রেসকিউ (SAR) কার্যক্রমের পরিকল্পনা প্রণয়ন, ব্যবস্থাপনা এবং এ সংক্রান্ত বিষয়ে দেশী-বিদেশী সংশ্লিষ্ট বিভিন্ন সংস্থার সাথে সমন্বয় সাধন;

৭. এয়ার স্পেস, ইন্সট্রুমেন্ট প্রসিডিউর ডিজাইন এবং চার্ট প্রণয়ন;

৮. সকল প্রকার এরোনটিক্যাল কম্যুনিকেশন, নেভিগেশনাল ও সার্ভিলেন্স, টেলিযোগাযোগ, এবং ফ্লাইট ক্যালিব্রেশনসহ এ জাতীয় সকল যন্ত্রাদির স্পেসিফিকেশন প্রস্তুত সংক্রান্ত প্রয়োজনীয় সমন্বয় সাধন;

৯. বাংলাদেশের অভ্যন্তরে প্রয়োজন অনুযায়ী ভবন/স্থাপনা নির্মাণে উচ্চতা নির্ধারণ এবং ছাড়পত্র প্রদান;

১০. এরোনটিক্যাল চার্জ আরোপ এবং বিদ্যমান এরোনটিক্যাল চার্জসমূহ পরিমার্জন/পরিবর্তন নিশ্চিত করা;

১১. ATM/ANS/CNS এর Safety Management System- SMS নিশ্চিত করা;

১২. ATM ও CNS শাখার জনবলের পদায়ন ও বদলীর প্রস্তাবনা পেশ করণ;

১৩. ICAO, FAA, EASA, COSCAP-SA ইত্যাদি আন্তর্জাতিক সংস্থাগুলোর বিভিন্ন কার্যক্রমে এটিএম বিভাগ হতে ফোকাল পয়েন্ট নির্ধারণ;

১৪. অর্পিত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী কর্তৃপক্ষের বিভিন্ন কমিটির সভা পরিচালনা; এবং

১৫. কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক সময় সময় অর্পিত দায়িত্ব পালন।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (এটিএম)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর
সদস্য (এফএসএন্ডআর)

সদস্য (পরিচালনা ও পরিকল্পনা)
বেবিচক, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

সদস্য (অর্থ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

Md. Shahiduzzaman Faruki
Additional Secretary
M... (Security)
Civil Avi... ...thority of Bangladesh

ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশন্স বিভাগ

# FLIGHT STANDARD & REGULATIONS DIVISION

দায়িত্ব ও কর্তব্যঃ

বাংলাদেশের বিমান চলাচলের সুরক্ষা নিশ্চিত করার জন্য চেয়ারম্যান সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ কর্তৃক বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪০(১) (২০১৭ সালের ১৮ নং আইন) এবং বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ আইন, ২০১৭ এর ধারা-১৬ অনুসারে এফএসআর বিভাগ নিম্নলিখিত দায়িত্ব ও কর্তব্য পালন করবে:

১। বিমান পরিবহণ সম্পর্কিত আইন প্রণয়ন, গৃহীতকরণ এবং সংশোধনের জন্য খসড়া প্রণয়ন, নীতি নির্ধারণের পরামর্শ প্রদান;

২। দ্বিপাক্ষিক বিমান পরিষেবা চুক্তি, ICAO সংক্রান্ত বিষয়াদি, অ্যারোনটিকাল রেগুলেটরি ও এয়ার ট্রান্সপোর্ট সম্পর্কিত বিষয় এবং অন্যান্য কারিগরী কার্যক্রম সংক্রান্ত বিষয়ে দেশের সিভিল এভিয়েশন সম্পর্কিত রেগুলেটরি অফিস হিসাবে কাজ করা;

৩। সংশ্লিষ্ট সকল সরকারি বা বেসরকারি মালিকানাধীন অপারেটর, সার্ভিস প্রোভাইডার এবং সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী সংস্থা/ব্যক্তির বিভিন্ন ধরনের লাইসেন্স/সার্টিফিকেট/অনুমোদন (যেমনঃ Air Operator Certificate, Aerodrome Certificate, Ground Handling Certificate, GSA Permit ইত্যাদি) প্রদান এবং এসকল সংস্থা/ব্যক্তি কর্তৃক বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর অধীনে প্রণীত যেকোন বিধি-বিধান, এএনও, অফিস আদেশ এবং নির্দেশনা ইত্যাদির লঙ্ঘনের ক্ষেত্রে যথাযথ আইনী ব্যবস্থা গ্রহণ ও Enforcement নিশ্চিতকরণ।

৪। সকল সরকারি বা বেসরকারি মালিকানাধীন বিমান অপারেটর এবং সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীদের উপর বিমান চলাচল সংক্রান্ত সুরক্ষা কার্যক্রম তথা এভিয়েশন সেফটি ইন্সপেকশন কার্যক্রম পরিচালনা করার মাধ্যমে বিমান সংস্থা ও পরিষেবা সরবরাহকারী সংস্থার সুরক্ষার মান উন্নয়ন ও বর্ধিতকরণের কার্যক্রম গ্রহণ।

৫। বেসামরিক বিমান চলাচল সম্পর্কিত নিম্নলিখিত বিষয়ে আইন, বিধিমালা, আদেশ, কারিগরী নীতিমালা, পরিকল্পনা ইত্যাদির প্রয়োগ ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ:

(ক) মেডিকেল অ্যাসেসমেন্টসহ পারসোনেল লাইসেন্সিং (PEL);
(খ) ডেঞ্জারাস গুডস, কেবিন সেফটি, গ্রাউন্ড হ্যান্ডেলিংসহ ফ্লাইট অপারেশনস (OPS);
(গ) এয়ারওয়ার্দিনেস (AIR);
(ঘ) এয়ার নেভিগেশন সার্ভিস (ANS);
(ঙ) এরোড্রোমস এবং গ্রাউন্ড এইডস (AGA);
(চ) এয়ার অপারেটর সার্টিফিকেট (AOC) ও এ্যারোড্রাম সার্টিফিকেট;

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (এটিএম)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর
সদস্য (এফএসএন্ডআর)

সদস্য (পরিচালনা ও পরিকল্পনা)

সদস্য (অর্থ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

Md. Shahiduzzaman Faruki
Additional Secretary
Member (Security)

(ছ) বিমান পরিবহন নিয়ন্ত্রণ সম্পর্কিত সকল বিষয়;
(ঝ) এভিয়েশন এন্ড এনভাইরনমেন্ট সম্পর্কিত সকল বিষয়; এবং
(ঞ) বিমান সুরক্ষা সম্পর্কিত অন্যান্য বিষয় যেমনঃ State Safety Programme (SSP), National Aviation Safety Plan (NASP) ইত্যাদি।

৬। বাংলাদেশের সাথে বিভিন্ন দেশের দ্বিপাক্ষিক বিমান চলাচল সংক্রান্ত চুক্তি সম্পাদনের জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ, Slot ব্যবস্থাপনা এবং বাংলাদেশে ও বাংলাদেশ হতে ফ্লাইট পরিচালনার উদ্দেশ্যে দেশী-বিদেশী সকল বিমান সংস্থার সকল প্রকার সিডিউল ও নন-সিডিউল ফ্লাইটের অনুমোদন প্রদান।

৭। শিকাগো কনভেনশন অনুসারে, ICAO এর সকল Annex এর মধ্যে হতে (Annex-9 এর অংশ বিশেষ, Annex-13 এবং Annex-17 ব্যতীত) এভিয়েশন সেফটি সংক্রান্ত সকল Annex এর Standards and Recommended Practices এর আলোকে আইন, অপারেটিং বিধিমালা, এয়ার নেভিগেশন অর্ডার, অফিস আদেশ, সার্কুলার ইত্যাদির জন্য খসড়া প্রস্তুতকরণ; অনুমোদিত আইন, অপারেটিং বিধিমালা, এয়ার নেভিগেশন অর্ডার, অফিস আদেশ, সার্কুলার ইত্যাদির মধ্যে সমন্বয়করণ;

৮। ICAO USOAP (Universal Safety Oversight Audit Programme) Online Framework এর আওতায় যাবতীয় কার্যক্রম গ্রহণ;

৯। যেকোনো আন্তর্জাতিক সংস্থা কর্তৃক বাংলাদেশের উপর পরিচালিত সুরক্ষা নিরীক্ষণের (Audit) জন্য প্রয়োজনীয় সকল কার্যক্রম গ্রহণ;

১০। ICAO কর্তৃক জারীকৃত Annex-9 এর অংশ বিশেষ, Annex-13 এবং Annex-17 ব্যতীত সকল State Letter এর উপর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং এ বিষয়ে সিএএবি'র অন্যান্য বিভাগ এবং সংশ্লিষ্ট সংস্থাসমূহের সাথে সমন্বয় সাধন;

১১। বিমান অপারেটর এবং সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীদের Safety Management System (SMS) এর বাস্তবায়নের বিষয় পর্যালোচনা ও তদারকিকরণ;

১২। ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশন্স বিভাগের কর্মকর্তা/কর্মচারী/পরিদর্শকগণের আন্তর্জাতিক মানদন্ড অনুযায়ী প্রশিক্ষণ; এবং ICAO, FAA, EASA, COSCAP-SA ইত্যাদি সংস্থাগুলো কর্তৃক আয়োজিত যে কোনো বেসামরিক বিমান চলাচল সম্পর্কিত সম্মেলন, সভা, সেমিনার, ওয়ার্কশপ, প্রশিক্ষণ, সিম্পোজিয়াম ইত্যাদিতে অংশগ্রহণের জন্য নির্বাচন, মনোনয়ন, প্রক্রিয়াকরণ ও সুপারিশ করা এবং এ বিষয়ে এফএসআর বিভাগ হতে সরাসরি চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন গ্রহণপূর্বক অফিস আদেশ জারীর প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

১৩। ICAO, FAA, EASA, COSCAP-SA বা এ ধরনের অন্যান্য আন্তর্জাতিক সংস্থাগুলোর বিভিন্ন সম্মেলন, সেমিনার, ওয়ার্কশপ, সভা, প্রশিক্ষণ, সিম্পোজিয়াম ইত্যাদি বাংলাদেশে আয়োজনের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
...বিমান চলাচল কর্তৃপক্ষ

প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (এটিএম)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর
সদস্য (এফএসএন্ডআর)

সদস্য (পরিচালনা ও পরিকল্পনা)
...বি, কুর্মিটোল, ঢাকা-১২২৯।

সদস্য (অর্থ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

Md. Shahiduzzaman Faruki
Additional Secretary
Member (Security)
Civil Aviation Authority...

১৪। বিমান চলাচল সম্পর্কিত সকল বিদেশী এবং আন্তর্জাতিক সংস্থা (যেমন-ICAO, FAA, EASA, IATA ইত্যাদি)-এর সাথে পারস্পরিক যোগাযোগ রক্ষা এবং সমন্বয়ের মাধ্যমে বিমান চলাচল সংক্রান্ত সুরক্ষার মান উন্নয়নের জন্য প্রয়োজনবোধে সমঝোতা স্মারক, কারিগরী সহায়তা চুক্তি ইত্যাদি স্বাক্ষরসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

১৫। প্রযোজ্য ক্ষেত্রে সরকারী বা বেসরকারী অপারেটরদের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন ঘটনা ও দুর্ঘটনার প্রশাসনিক তদন্ত পরিচালনা;

১৬। ICAO, FAA, EASA, COSCAP-SA ইত্যাদি আন্তর্জাতিক সংস্থাগুলোর বিভিন্ন কার্যক্রমে ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশন্স বিভাগ হতে ফোকাল পয়েন্ট নির্ধারণ;

১৭। ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশন্স বিভাগের সকল পরিচালক ও কর্মকর্তাদের কর্মবন্টন ও তদারকি;

১৮। ফ্লাইট স্ট্যান্ডার্ড এন্ড রেগুলেশন্স বিভাগের সদস্য/পরিচালকগণ স্থানীয় এয়ারলাইন্স/ফ্লাইং স্কুল/অন্যান্য সংস্থা ও বাহিনীর পাইলট/প্রশিক্ষণার্থীসহ অন্যান্য অপারেশনাল কর্মীদের মানদন্ড ও দক্ষতা পরীক্ষা করার নিমিত্ত স্থানীয় এয়ারলাইন্স/ফ্লাইং স্কুলে সাধারণ ডিউটি পাইলট বা সক্রিয় পাইলট হিসাবে বিমান পরিচালনার মাধ্যমে প্রয়োজনীয় সিপিএল/এটিপিএল রেটিং বজায় রাখা;

১৯। বিমানবন্দরসমূহের এয়ার সাইড এলাকায় দৈনন্দিন অপারেশন ও রক্ষণাবেক্ষণ কাজ ব্যতীত যেকোনো ধরনের সিভিল, ই/এম, সিএনএস ও এটিএম সংক্রান্ত কাজে সংযোজন, পরিবর্তন, পরিবর্ধন ও উন্নয়নমূলক কাজের পূর্বে ভেটিং প্রদান;

২০। চেয়ারম্যান সিএএবি'র অনুমোদনক্রমে, দেশের অভ্যন্তরে ফ্লাইট সেফটি সংক্রান্ত পরিদর্শন, তদন্ত, প্রশিক্ষণ ইত্যাদি উদ্দেশ্যে ভ্রমণের প্রয়োজনীয় ভ্রমণাদেশ জারী;

২১। এফএসআর এর অন্তর্ভুক্ত সকল বিভাগের Quality Assurance নিশ্চিত করার জন্য Internal Audit বাস্তবায়ন; এবং

২২। কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক সময় সময় অর্পিত দায়িত্ব পালন।

প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (এটিএম)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর
সদস্য (এফএসএন্ডআর)

সদস্য (পরিচালনা ও পরিকল্পনা)
সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

সদস্য (অর্থ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

Md. Shahiduzzaman Faruki
Additional Secretary
Member (Security)
Civil Aviation Authority of Bangladesh

## এভসেক বিভাগ

১) এভিয়েশন সিকিউরিটি এবং ফ্যাসিলিটেশন সম্পর্কিত বিষয়ে কর্তৃপক্ষের যথাযথ প্রতিনিধি হিসেবে দেশীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে যোগাযোগ রক্ষা করা এবং এ সম্পর্কিত যাবতীয় কার্যক্রম সম্পাদন;

২) আন্তর্জাতিক এভিয়েশন সিকিউরিটি পরিকল্পনা/ফ্রেমওয়ার্কের আওতায় বাংলাদেশের জন্য জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম;

৩) ICAO সহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থা ও বিভিন্ন দেশের সাথে কর্তৃপক্ষের যথাযথ প্রতিনিধি হিসেবে এভিয়েশন সিকিউরিটি সম্পর্কিত সহযোগিতা, প্রশিক্ষণ ও অন্যান্য কার্যক্রম সম্পাদন;

৪) ICAO এর Annex-17, Annex-9 এর অন্তর্ভুক্ত Standards and Recommended Practices (SARPs) সহ এভিয়েশন সিকিউরিটি বিষয়ক অন্যান্য নীতিমালা বাংলাদেশে প্রয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় কাযক্রম গ্রহণ;

৫) ICAO এর Annex-17 এবং Annex-9 এ বর্ণিত Standards and Recommended Practices (SARPs) সহ অন্যান্য আন্তর্জাতিক নিয়মনীতি প্রতিপালনের নিমিত্তে প্রয়োজনীয় ANO, অফিস আদেশ, সার্কুলারসহ বাংলাদেশের জন্য লিখিত NCASP (National Civil Aviation Security Programme) প্রণয়ন, বাস্তবায়নসহ এর ধারাবাহিকতা বজায় রাখা এবং এর যথাযথ বাস্তবায়ন নিশ্চিত করার নিমিত্তে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

৬) TRAC (Threat & Risk Assessment Committee) এর আওতায় দেশের গোয়েন্দা সংস্থাসমূহের সাথে সমন্বয়ের মাধ্যমে দেশের অভ্যন্তরে ও আকাশসীমায় সিভিল এভিয়েশনের প্রতি অবিরত হুমকির মাত্রা ও ধরন পর্যালোচনায় অংশগ্রহণ এবং জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কাযর্ক্রম সমন্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় ঝুঁকি নির্ধারণ ও ব্যবস্থাপনা;

৭) প্রণীত National Civil Aviation Security Programme (NCASP)-এর আলোকে দেশের বেসামরিক বিমানবন্দরসমূহে এভিয়েশন সিকিউরিটি পরিষেবা কার্যক্রম (প্রবেশ নিয়ন্ত্রণ, ব্যক্তি ও ব্যাগ তল্লাশী, কার্গো নিরাপত্তা ও তল্লাশী, বহিরাঙ্গণ নিরাপত্তা ও অন্যান্য) নিয়ন্ত্রণ ও নিশ্চিতকরণ এবং এ উদ্দেশ্যে বিমানবন্দরসমূহের জন্য প্রয়োজনীয় জনবল, নিরাপত্তা সরঞ্জামাদি এবং যথাযথ প্রশিক্ষণ নিশ্চিতকরণ:

৮) **সার্টিফিকেট / লাইসেন্স /অনুমোদন**/বাতিল সম্পর্কিত কার্যক্রম:
**বিমানবন্দর বা বিমানঘাটির** নিরাপত্তা কাযর্ক্রমের (Airport Security Programme) অনুমোদন;
ক. দেশী-বিদেশী বিমান সংস্থার এয়ার অপারেটর নিরাপত্তা কাযর্ক্রম (Aircraft Operator Security Programme) এর অনুমোদন;
খ. এয়ার কার্গো রেগুলেটেড এজেন্ট, গ্রাউন্ড হ্যান্ডলিং এজেন্টসহ এয়ার কার্গো নিরাপদ সাপ্লাই চেইনের অন্তর্ভুক্ত অন্যান্য প্রতিষ্ঠানসহ তালিকাভুক্ত ক্যাটারিং ও এয়ারপোর্ট সাপ্লাই সরবরাহকারী প্রতিষ্ঠানসমূহের নিরাপত্তা কাযর্ক্রম অনুমোদন ও লাইসেন্স প্রদান সম্পর্কিত;
গ. এভিয়েশন সিকিউরিটি বিষয়ে প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান ও প্রশিক্ষকগণের অনুমোদন ও লাইসেন্স প্রদান; এবং
ঘ. জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা কার্যক্রমের আওতাভুক্ত বিভিন্ন সংস্থার এভিয়েশন সিকিউরিটি কার্যক্রমের অনুমোদন।

৯) জাতীয় বেসামরিক বিমান চলাচল নিরাপত্তা মান নিয়ন্ত্রণ কার্যক্রম National Civil Aviation Security Quality Control Programme (NCASQCP) প্রণয়ন, বাস্তবায়ন এবং ধারাবাহিকতা বজায় রাখা;

১০) বিমানবন্দর, দেশী-বিদেশী বিমানসংস্থা, কার্গো অপারেটর, এয়ার কার্গো রেগুলেটেড এজেন্ট, ক্যাটারিং প্রতিষ্ঠানসহ NCASP এর আওতাভুক্ত বিভিন্ন সংস্থার এভিয়েশন সিকিউরিটির কার্যক্রম নিয়ন্ত্রণ, তদারকীসহ পর্যায়ক্রমিক অডিট, ইন্সপেকশন এবং টেষ্ট পরিচালনার মাধ্যমে বিমানবন্দর পর্যায়ে এভিয়েশন সিকিউরিটি কার্যক্রমের যথাযথ মান বজায় রাখা;

১১) NCAQCP এর আওতায় ঝুঁকি পর্যালোচনার মাধ্যমে মান নিয়ন্ত্রণ কাযর্ক্রম (অডিট, ইন্সপেকশন এবং টেষ্ট) এর বার্ষিক কর্মসূচী প্রণয়ন ও বাস্তবায়ন;

১২) Audit, Inspection এবং Test পরিচালনার জন্য যথাযথ যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন Avsec Inspector নির্বাচন এবং যথাযথ ক্ষমতা প্রদানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ;

প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)

গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর
সদস্য (এফএসএন্ডআর)

সদস্য (এটিএম)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (অর্থ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (পরিচালনা ও পরিকল্পনা)
সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।

Md. Shahiduzzaman Faru
Additional Secretar
Member (Security)

১৩) এভিয়েশন সিকিউরিটি মান নিয়ন্ত্রণ কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন রেগুলেটেড সংস্থার কমপ্লায়ান্স ও নন-কমপ্লায়ান্স সম্পর্কিত তথ্য সংরক্ষণ, প্রবণতা বিশ্লেষণ এবং বাৎসরিক প্রতিবেদন প্রণয়ন;

১৪) কোনো সংস্থার/ব্যক্তির কার্যক্রম এভিয়েশন সিকিউরিটি জন্য ঝুঁকিপূর্ণ প্রতীয়মান হলে প্রয়োজ্য ক্ষেত্রে তার লাইসেন্স/পারমিট/অনুমোদন/নিরাপত্তা পাশ স্থগিত/বাতিলকরণ সম্পর্কিত কার্যক্রম;

১৫) বিমানবন্দর পর্যায়ে মোতায়েনের জন্য এভসেক স্ক্রিনার, এভসেক সুপারভাইজার ও এভসেক ব্যবস্থাপকগণের জাতীয় সার্টিফিকেশন প্রোগ্রাম এর আওতায় সার্টিফিকেশন ও রি-সার্টিফিকেশন সাপেক্ষে লাইসেন্স প্রদান;

১৬) NCASTP (National Civil Aviation Security Training Programme) প্রণয়ন, বাস্তবায়ন ও প্রয়োজন মোতাবেক হালনাগাদকরণ, প্রশিক্ষণের উন্নয়ন, প্রশিক্ষণ প্রদান এবং এর মান নিয়ন্ত্রণ;

১৭) বিমানবন্দরের বিভিন্ন স্ক্রিনিং ও নিরাপত্তা সরঞ্জামাদির প্রয়োজনীয়তা, পরিমাণ, প্রযুক্তি, স্পেসিফিকেশনস্, মিনিমাম ডিটেকশন সেটিং টেস্ট যন্ত্রের স্পেসিফিকেশন্স নির্ধারণ এবং সংশ্লিষ্ট বিমানবন্দর কর্তৃপক্ষের সাথে সমন্বয়পূর্বক এর বাস্তবায়ন। উক্ত সরঞ্জামাদির যথাযথ প্রয়োগ, ব্যবহার ও মান নিয়ন্ত্রণ কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীদের যথাযথ প্রশিক্ষণ নিশ্চিতকরণ;

১৮) কর্তৃপক্ষ কর্তৃক নতুন বিমানবন্দর নির্মাণ, বিদ্যমান বিমানবন্দরের সম্প্রসারণ ও কাঠামোগত পরিবর্তনের ক্ষেত্রে ডিজাইন, পরিকল্পনা ও নির্মাণের বিভিন্ন পর্যায়ে সম্পৃক্ততার মাধ্যমে National Civil Aviation Security Programme (NCASP) এর বাধ্যবাধকতার আলোকে বিভিন্ন নিরাপত্তা কার্যক্রমের যথাযথ প্রয়োগযোগ্যতা নিশ্চিত করা;

১৯) National Air Transport Facilitation Programme এর উন্নয়ন, হালনাগাদকরণ ও এর সমন্বয় সাধন;

২০) ICAO Annex 9-এর অন্তর্ভুক্ত ফ্যাসিলিটেশন সম্পর্কিত যাবতীয় কাজে কর্তৃপক্ষের পক্ষে সমন্বয় সাধন;

২১) National Civil Aviation Security Committee এবং National Air Transport Facilitation Committee সম্পর্কিত কার্যক্রম;

২২) এভিয়েশন সিকিউরিটি বিষয়ে বিভিন্ন দেশের সাথে দ্বিপাক্ষিক সর্ম্পক উন্নয়ন;

২৩) দেশের বিমানবন্দর দিয়ে ভিভিআইপি মুভমেন্ট এর বিষয়ে প্রয়োজনীয় নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;

২৪) NASCP (National Aviation Security Contingency Plan) প্রণয়ন ও সমন্বয়। বিমানবন্দর পর্যায়ে কন্টিনজেন্সি প্লান প্রণয়ন ও সমন্বয় নিশ্চিতকরণ এবং নিয়মিত সিকিউরিটি এক্সারসাইজ পরিচালনা;

২৫) বিমানবন্দরের ও বিভিন্ন দপ্তরের নিরাপত্তা জনবলের সুষম বন্টন ও বিন্যাস নিশ্চিতকরণ এবং এ উদ্দেশ্যে পদায়নের সুপারিশ প্রদান;

২৬) বিমানবন্দরের নিরাপত্তা পাশ ও প্রবেশ (ব্যক্তি ও গাড়ী) সম্পর্কিত নীতিমালা প্রণয়ন, নিরাপত্তা পাশের ডিজাইন প্রণয়ন এবং অনুমোদন সম্পর্কিত যাবতীয় কার্যক্রম;

২৭) বিমানবন্দরে সকল প্রকার চিত্র ধারণ কাযক্রমের নীতিমালা প্রণয়ন ও অনুমোদন;

২৮) এভিয়েশন সিকিউরিটি সম্পর্কিত বিভিন্ন প্রতিবন্ধকতা সৃষ্টির জন্য বেআইনী আচরণ (Acts of unlawful interferences) এর তদন্ত কাযক্রমে অংশগ্রহণ;

২৯) এভসেক বিভাগের সকল শাখার প্রশাসনিক কাযক্রম নিয়ন্ত্রণ করা;

৩০) এভিয়েশন সিকিউরিটি বিভাগের সকল কর্মকর্তাদের বার্ষিক পারফরমেন্স মূল্যায়ন করা;

৩১) এভিয়েশন সিকিউরিটি সম্পর্কিত বিভিন্ন উন্নয়ন প্রকল্পে প্রধান সমন্বয়কের দায়িত্ব;

৩২) নিরাপত্তার বিষয়ে সিএএবির সকল সদস্য-এর সাথে সমন্বয় সাধন;

৩৩) অর্পিত প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অনুযায়ী কর্তৃপক্ষের বিভিন্ন কমিটির সভা পরিচালনা;

৩৪) নিরাপত্তা বিভাগের নথিপত্রাদি ও রেকর্ড সংরক্ষণ নিশ্চিতকরণ;

৩৫) কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক সময়ে সময়ে অর্পিত দায়িত্ব পালন।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (এটিএম)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর
সদস্য (এফএসএন্ডআর)

সদস্য (পরিচালনা ও পরিকল্পনা),
সিএএবি, কুর্মিটোলা, ঢাকা-১২২৯

সদস্য (অর্থ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

Md. Shahiduzzaman Faruki
Additional Secretary
Member (Security)
Civil Aviation Authority of Bangladesh

# অর্থ ও হিসাব বিভাগ

১। বেবিচ কর্তৃপক্ষের বাজেট প্রস্তুতকরণ ও সরকারের নিকট উপস্থাপন;

২। বিভিন্ন উৎস হতে তহবিল সংগ্রহকরণ ও কর্তৃপক্ষের বিভিন্ন ইউনিটের অনুকূলে তহবিল ছাড়করণ;

৩। কর্তৃপক্ষের বিভিন্ন ইউনিটের উন্নয়ন প্রকল্পসমূহের অনুকূলে ছাড়কৃত অর্থের ব্যয় অগ্রগতি মনিটরিং;

৪। প্রশাসনিক ব্যয়, রাজস্ব ব্যয়, উন্নয়ন ব্যয় ও অন্যান্য ব্যয় সংক্রান্ত আর্থিক মঞ্জুরী অনুমোদন;

৫। কর্মকর্তা কর্মচারীগণের টিএ, ডিএ, ওভার টাইম ভাতা, যাতায়াত ভাতা সহ অন্যান্য বিল অনুমোদন;

৬। কর্তৃপক্ষের সকল ইউনিটের রাজস্ব আয় ও ব্যয়ের মাসিক/বার্ষিক হিসাব সংরক্ষণ নিশ্চিতকরণ;

৭। আয়কর ও ভ্যাট আদায়/কর্তন ও সরকারি কোষাগারে জমাকরণ সম্পর্কিত কার্যাবলী মনিটরিং;

৮। কর্তৃপক্ষের সকল অগ্রিম, ঋণ ও অন্যান্য আর্থিক বিষয়সমূহের মঞ্জুরী প্রদান;

৯। আর্থিক শৃঙ্খলা এবং সীমাবদ্ধতা পর্যবেক্ষণ; আর্থিক নিয়মনীতি কার্যকর করা;

১০। আর্থিক নীতিমালা প্রণয়ন;

১১। আর্থিক বিষয়সমূহের উপর সরকার ও অন্যান্য কার্যকরী সংস্থা/বিভাগের সাথে যোগাযোগ ও সমন্বয়করণ;

১২। কর্তৃপক্ষের সকল ইউনিটের সম্পদ ও দায় এর Consolidated বার্ষিক হিসাব প্রস্তুতকরণ ও বহিঃ নিরীক্ষক নিয়োগ পূর্বক বার্ষিক হিসাব নিরীক্ষা;

১৩। কর্তৃপক্ষের বিভিন্ন ব্যাংকে রক্ষিত এফডিআর ব্যবস্থাপনা সংক্রান্ত কাজ;

১৪। অর্থ ও হিসাব বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের দক্ষতা বৃদ্ধির জন্য দেশে/বিদেশে প্রয়োজনীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

১৫। অর্থ ও হিসাব এবং অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের বদলীর প্রস্তাবনা প্রেরণ;

১৬। অর্থ ও হিসাব বিভাগের বিভিন্ন বুকস্ অব একাউন্ট সঠিকভাবে সংরক্ষণ সংক্রান্ত বিষয় মনিটরিং;

১৭। কর্তৃপক্ষের সকল একাউন্টিং ইউনিটের কার্যক্রম সরেজমিনে পরিদর্শন ও কর্তৃপক্ষের নিকট প্রতিবেদন উপস্থাপন;

১৮। কর্তৃপক্ষের সকল ইউনিটের বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট বকেয়া আদায়ের কার্যক্রম তদারকি;

১৯। জিপিএফ, কল্যাণ তহবিল ও পেনশন খাতের বার্ষিক হিসাব প্রণয়ন এবং সিএ ফার্ম দ্বারা উক্ত বার্ষিক হিসাব নিরীক্ষা নিশ্চিতকরণ;

২০। অবসর গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীদের পেনশন ও আনুতোষিক অনুমোদন সংক্রান্ত কার্যাবলী সম্পাদন;

২১। বিভিন্ন আর্ন্তজাতিক সংস্থা/ প্রতিষ্ঠানের অনুকূলে বার্ষিক চাঁদার অর্থ পরিশোধ নিশ্চিতকরণ;

২২। কর্তৃপক্ষের আর্থিক বিবরণী তৈরী, বিশ্লেষণ ও সুপারিশ প্রণয়ন; এবং

২৩। কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক সময় সময় অর্পিত দায়িত্ব পালন।

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর
সদস্য (এফএসএন্ডআর)

সদস্য (এটিএম)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (পরিচালনা ও পরিকল্পনা), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সিএএবি, কুর্মিটোল, ঢাকা-১২২৯।

সদস্য (অর্থ)

Md. Shahiduzzaman Faruki
Additional Secretary
Member (Security)
Civil Aviation Authority of Bangladesh

## প্রকৌশল বিভাগ

১) প্রকৌশল বিভাগের অধীনস্থ প্রকৌশলী, সংশ্লিষ্ট কর্মকর্তা এবং কর্মচারীদের প্রশাসনিক কার্যাবলী পরিচালনা করা;

২) প্রকৌশল বিভাগের আওতাধীন পূর্ত ও ইলেকট্রো-মেকানিক্যাল কাজ এবং স্থাপনা সংক্রান্ত বিষয়ের বার্ষিক বাজেট প্রাক্কলন প্রস্তুতকরণ;

৩) কাজ এবং স্থাপনা সংক্রান্ত বিষয়ের জন্য বরাদ্দকৃত তহবিল পরিচালনা করা। ব্যয়সমূহ কিভাবে পরিচালিত হচ্ছে তা অত্যন্ত পুঙ্খানুপুঙ্খভাবে পর্যবেক্ষণ করা যাতে কোনো ধরনের অতিরিক্ত ব্যয় না হয়। যদি কোন প্রকার অতিরিক্ত তহবিলের প্রয়োজন হয়, তাহলে যথাসময়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য যথাযথ কর্তৃপক্ষের কাছে উপস্থাপন করা;

৪) বরাদ্দকৃত বাজেটের আওতায় গৃহীত প্রকৌশল কার্যক্রম/কর্মসূচি সুষ্ঠুভাবে যথাসময়ে সম্পাদন করা;

৫) বিমানবন্দরের উন্নয়ন এবং মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ বাস্তবায়নের জন্য পিপিএ/২০০৬, পিপিআর/২০০৮, ফিডিক (FIDIC) কিংবা অন্য কোন আন্তর্জাতিক বিধিমালা অনুসরণপূর্বক প্রকল্প প্রণয়ন, ব্যয় প্রাক্কলন ও দরপত্র দলিল প্রস্তুত, দরপত্র আহ্বান ও মূল্যায়নপূর্বক কার্যাদেশ জারির মাধ্যমে পরামর্শক/ঠিকাদার নিয়োগ, চুক্তি সম্পাদন, পণ্য/কার্য/সেবা চুক্তি বাস্তবায়ন এবং চুক্তি ব্যবস্থাপনাসহ কাজের তদারকি নিশ্চিত করা;

৬) প্রকৌশল বিভাগের অধীন চুক্তি, স্থাপনা এবং কাজের জন্য কর্মপরিকল্পনা, নকশা পরিকল্পনা এবং কারিগরি অনুমোদন, সময়োচিত কর্ম সম্পাদন এবং কর্ম পরিচালনা করা;

৭) প্রকৌশল বিভাগের আওতাভুক্ত পূর্ত কাজ/স্থাপনার মেরামত, রক্ষণাবেক্ষণ, গৃহীত পরিকল্পনা বাস্তবায়ন নিশ্চিত করা;

৮) নির্মাণ, পুনর্নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সম্পর্কিত যাবতীয় কাজের রেকর্ড সংরক্ষণ;

৯) পরামর্শক, স্থপতি এবং ঠিকাদারদের কর্মসম্পাদন সম্পর্কিত তথ্য সংরক্ষণ করা এবং প্রয়োজনবোধে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা;

১০) বেবিচক ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার নির্দেশিকা ও কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী এভিয়েশন সম্পর্কিত বিষয়াবলী বিবেচনায় নিয়ে নতুন বিমানবন্দর নির্মাণের স্থান নির্বাচন; বিদ্যমান বিমানবন্দরের সম্প্রসারণ, আধুনিকায়ন ও সুবিধাদি সংযোজন এবং বেবিচক এর নির্দেশিকা অনুযায়ী বিমানবন্দর সংশ্লিষ্ট ভূমি ব্যবহার পরিকল্পনা (Land Use Plan) প্রণয়ন, এনভায়রনমেন্টাল ইমপ্যাক্ট এসেসমেন্ট (EIA) ও এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট প্লান (EMP) প্রণয়ন, বাস্তবায়ন ও মনিটরিং নিশ্চিতকরণ;

১১) বিভিন্ন প্রশিক্ষণ কোর্সের উপর প্রকৌশলীবৃন্দের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

১২) বেবিচক ও অন্যান্য আন্তর্জাতিক সংস্থার নির্দেশিকা অনুযায়ী বিমানবন্দরের পূর্ত ও ইলেকট্রো-মেকানিক্যাল স্থাপনা/সরঞ্জামসমূহ সার্বক্ষণিক মনিটরসহ অপারেশনাল কার্যক্রম নিশ্চিত করা;

১৩) সকল এভিয়েশন প্রকৌশল সংক্রান্ত সমস্যা সমাধানে কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করা;

১৪) এপিপি (বার্ষিক ক্রয় পরিকল্পনা), এপিএ (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি) এবং এডিপি (বার্ষিক উন্নয়ন কর্মসূচি) এর লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করা; এবং

১৫) কর্তৃপক্ষের চেয়ারম্যান কর্তৃক সময়ে সময়ে অর্পিত দায়িত্ব পালন।

প্রধান প্রকৌশলী
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (এটিএম)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

মোঃ মিজানুর রহমান
(অতিরিক্ত সচিব)
সদস্য (প্রশাসন)
... চলাচল কর্তৃপক্ষ

গ্রুপ ক্যাপ্টেন চৌধুরী মোঃ জিয়াউল কবীর
সদস্য (এফএসএন্ডআর)

সদস্য (অর্থ)
বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ

সদস্য (পরিচালনা ও পরিকল্পনা)
সিএএবি, কুর্মিটোল, ঢাকা-১২২৯।

Md. Shahiduzzaman Far
Additional Secret
Member (Securit
Civil Aviation Authority of Bang